[illegible], [illegible]

[illegible]

**Job Category:** Teaching/Academics

**Job Source:** [illegible]

## Job Summary

**Posted On:** 7 Dec 2024

**Application Deadline:**31 Dec 2024

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
## সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তর
## প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা সেনানিবাস
### শিক্ষা শাখা
www.dmlc.gov.bd

স্মারক নং-২৩.২২.০০০০.০১৮.১১.১৯৭.২৪-৭৭৯

তারিখ : ১৯ অগ্রহায়ণ ১৪৩১ / ০৪ নভেম্বর ২০২৪

# নিয়োগ বিজ্ঞপ্তি

সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তরের আওতাধীন বিভিন্ন সেনানিবাসে ক্যান্টনমেন্ট বোর্ড পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠানসমূহে বিদ্যমান নিম্নবর্ণিত শূন্য পদে নিয়োগের জন্য নির্ধারিত যোগ্যতাসম্পন্ন প্রার্থীদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে :

| ক্র.নং | পদের নাম | পদ সংখ্যা | বেতনস্কেল ও গ্রেড | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|
| ক | প্রভাষক:<br>(১) ইতিহাস-০১টি পদ<br>(২) ইসলাম শিক্ষা-০১টি পদ<br>(৩) ইংরেজি-০১টি পদ<br>(৪) রসায়ন-০১টি পদ<br>(৫) গণিত-০১টি পদ<br>(৬) পরিসংখ্যান-০২টি পদ<br>(৭) যুক্তিবিদ্যা-০১টি পদ<br>(৮) ভুগোল-১টি পদ<br>(৯) মনোবিজ্ঞান-০১টি পদ<br>(১০) পৌরনীতি ও সুশাসন-০২টি পদ<br>(১১) বাংলা-০১টি | ১৩ টি | ২২,০০০-৫৩,০৬০/-<br>৯ম গ্রেড | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে নিম্নলিখিত পদের পার্শ্বে বর্ণিত বিষয়ে ন্যূনতম ২.২৫ সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি অথবা স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বর্ণিত বিষয়ে ০৪ (চার) বছর মেয়াদি ২.২৫ সিজিপিএ/সমমানের-স্নাতক (সম্মান) ডিগ্রি:<br>(১) প্রভাষক (ইতিহাস)- ইতিহাস, (২) প্রভাষক (ইসলাম শিক্ষা)-ইসলাম শিক্ষা, (৩) প্রভাষক (ইংরেজি)-ইংরেজি, (৪) প্রভাষক (রসায়ন)-রসায়ন, (৫) প্রভাষক (গণিত)- গণিত, (৬) প্রভাষক (পরিসংখ্যান)- পরিসংখ্যান, (৭) প্রভাষক (যুক্তিবিদ্যা)- যুক্তিবিদ্যা, (৮) প্রভাষক (ভুগোল) ভুগোল ও পরিবেশ বিজ্ঞান, (৯) প্রভাষক (মনোবিজ্ঞান)- মনোবিজ্ঞান, (১০) প্রভাষক (পৌরনীতি ও সুশাসন) রাষ্ট্রবিজ্ঞান/সরকার ও রাজনীতি, (১১) প্রভাষক (বাংলা)-বাংলা |
| খ | প্রদর্শক:<br>(১) জীববিজ্ঞান-০২টি পদ<br>(২) রসায়ন ০১টি পদ<br>(৩) পদার্থবিজ্ঞান-০১টি পদ | ০৪ টি | ১৬,০০০-৩৮,৬৪০/-<br>১০ম গ্রেড | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে নিম্নলিখিত পদের পার্শ্বে বর্ণিত বিষয়ে ন্যূনতম ২.২৫ সিজিপিএসহ স্নাতক/স্নাতক (সম্মান) ডিগ্রি/সমমান:<br>(১) প্রদর্শক (জীববিজ্ঞান)-উদ্ভিদ/প্রাণী বিজ্ঞান, (২) প্রদর্শক (রসায়ন)-রসায়ন,<br>(৩) প্রদর্শক (পদার্থবিজ্ঞান) পদার্থবিজ্ঞান |
| গ | সহকারী শিক্ষক (বাংলা) | ১০ টি | বিএড প্রশিক্ষণ প্রাপ্ত<br>১৬,০০০-৩৮,৬৪০/-<br>গ্রেড-১০<br>বিএড প্রশিক্ষণবিহীন<br>১২,৫০০-৩০,২৩০/<br>গ্রেড-১১ | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ন্যূনতম ৩০০ নম্বরের বাংলাসহ স্নাতক ডিগ্রিসমমান অথবা বাংলায় স্নাতক (সম্মান)/বাংলায় স্নাতকোত্তর ডিগ্রি। |
| ঘ | সহকারী শিক্ষক (ইংরেজি) | ০৭ টি | | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ন্যূনতম ৩০০ নম্বরের ইংরেজিসহ স্নাতক ডিগ্রি/সমমান অথবা ইংরেজিতে স্নাতক (সম্মান)/ইংরেজিতে স্নাতকোত্তর ডিগ্রি। |
| ঙ | সহকারী শিক্ষক<br>(তথ্য ও যোগাযোগ প্রযুক্তি) | ০৩ টি | | (১) কম্পিউটার বিজ্ঞান/কম্পিউটার ইঞ্জিনিয়ারিং/তথ্য প্রযুক্তি (আই. টি.) তথ্য যোগাযোগ প্রযুক্তি বিষয়ে স্নাতক/সমমান অথবা বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড হতে ০৩ (তিন) বছর মেয়াদি ডিপ্লোমা-ইন-কম্পিউটার সায়েন্স ডিগ্রি অথবা স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রি/সমমান। বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড অনুমোদিত প্রতিষ্ঠান হতে ০১ (এক) বছর মেয়াদি এডভান্সড সার্টিফিকেট কোর্স ইন কম্পিউটার টেকনোলজি।<br>(২) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার বিজ্ঞান/আই.সি.টি. বিষয়সহ স্নাতক ডিগ্রি সমমান অথবা স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রি/সমমানসহ বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড অনুমোদিত প্রতিষ্ঠান হতে ০১ (এক) বছর মেয়াদি এডভান্সড-সার্টিফিকেট টেকনোলজি কোর্স ইন কম্পিউটার। |
| চ | সহকারী শিক্ষক (শারীরিক শিক্ষা) | ০৫ টি | ১৬,০০০-৩৮,৬৪০/-<br>গ্রেড-১০ | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রি/সমমান ও বিপিএড ডিগ্রি/সমমান অথবা স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ও জুনিয়র ফিজিক্যাল ডিপ্লোমা। |
| ছ | জুনিয়র শিক্ষক (শারীরিক শিক্ষা) | ০৪ টি | ১২,৫০০-৩০,২৩০/<br>গ্রেড-১১ | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রি/সমমান ও বিপিএড ডিগ্রি/সমমান অথবা স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ও জুনিয়র ফিজিক্যাল ডিপ্লোমা। |
| জ | জুনিয়র শিক্ষক (ইসলাম ও নৈতিক শিক্ষা) | ০৪ টি | | ফাযিল/সমমান ডিগ্রি। |
| ঝ | জুনিয়র শিক্ষক (চারু ও কারুকলা) | ০২ টি | | ন্যূনতম ২.২৫ সিজিপিএসহ ব্যাচেলর অব ফাইন আর্টস বিষয়ে স্নাতক ডিগ্রি। |
| ঞ | জুনিয়র শিক্ষক | ৫৮ টি | | ন্যূনতম ২.২৫ সিজিপিএসহ স্নাতক ডিগ্রি। |
| | মোট = | ১১০ টি | | |

আমরা জনগণের পক্ষে
বাংলাদেশ প্রতিদিন

## শর্তাবলী

১। অনলাইনে আবেদনের শেষ তারিখ ৩১ ডিসেম্বর ২০২৪ এবং প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।

২। গত ১৮ নভেম্বর ২০২৪ তারিখে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ, মুদ্রণ ও প্রকাশনা শাখা হতে ১১ (মুঃ প্র:) নং গেজেট বিজ্ঞপ্তি অনুযায়ী ৩১ ডিসেম্বর ২০২৪ তারিখে প্রার্থীর সর্বোচ্চ বয়স হবে ৩২ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে কোনো প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

৩। নিয়োগের ক্ষেত্রে সরকারের প্রচলিত বিধি-বিধান, কোটা পদ্ধতি এবং পরবর্তীতে এ সংক্রান্ত কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

৪। মুক্তিযোদ্ধা, শহীদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার প্রমাণক হিসেবে সরকারের সর্বশেষ নির্দেশনা মোতাবেক উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ। তাছাড়া মুক্তিযোদ্ধা, শহীদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তানদের ক্ষেত্রে উপযুক্ত প্রমাণক হিসেবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রার্থীর সঙ্গে মুক্তিযোদ্ধার সম্পর্ক সংক্রান্ত প্রত্যায়নপত্র। একইভাবে ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের প্রার্থীদের উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ এর ০১ (এক) সেট সত্যায়িত ফটোকপিও দাখিল করতে হবে।

৫। প্রার্থীর আবেদনপত্র শুধুমাত্র অনলাইনে গ্রহণ করা হবে। প্রার্থীর নাম ও পিতার নাম, এসএসসি বা সমমানের সনদে যেভাবে লেখা আছে অনলাইন আবেদনে হুবহু সেভাবে লিখতে হবে।

৬। অনলাইনে আবেদনপত্র পুরণ সংক্রান্ত: আবেদনকারীগণকে অনলাইনে https://job.sharmi.gov.bd ওয়েবসাইটে প্রবেশ করে আবেদন ফরম পুরণ করতে হবে। অনলাইনে আবেদনপত্র পুরণ সংক্রান্ত বিস্তারিত তথ্য ও নিয়মাবলী www.dmlc.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে। উল্লেখ্য যে, কারিগরি সংক্রান্ত যে কোন তথ্য/সমস্যা সমাধানের বিষয়ে ইমেইল (partha.saha@softcellbd.net) ও মোবাইল নম্বর 01732166016 এ যোগাযোগ করা যেতে পারে।

৭। প্রার্থীদের প্রিলিমিনারি, লিখিত ও মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। তবে প্রযোজ্য ক্ষেত্রে ব্যবহারিক পরীক্ষা নেয়া যেতে পারে।

৮। আবেদন ফি: ক্রমিক নং (ক) এ বর্ণিত পদের ক্ষেত্রে ৬০০/- (ছয়শত) টাকা; ক্রমিক নং (খ-চ) এ বর্ণিত পদের ক্ষেত্রে ৫০০/- (পাঁচশত) টাকা এবং ক্রমিক নং (ছ-ঞ) এ বর্ণিত পদের ক্ষেত্রে ৩০০/- (তিনশত) টাকা (চার্জ প্রযোজ্য)।

৯। আবেদনকারীর সমগ্র শিক্ষা জীবনে ০১ (এক)টির বেশি এসএসসি/এইচএসসি/সমমানের পরীক্ষায় ২.৫০ জিপিএ এবং স্নাতক/স্নাতক (সম্মান)/ স্নাতকোত্তর/ সমমানের পরীক্ষায় ২.২৫ সিজিপিএ এর নিচে গ্রহণযোগ্য নয়। শিক্ষকগণের নিয়োগ হবে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে। পরবর্তীতে বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ, সন্তোষজনক চাকরি ও পুলিশ ভেরিফিকেশন তথ্যের ভিত্তিতে স্থায়ীকরণ করা হবে।

১০। নিয়োগপ্রাপ্ত শিক্ষকগণ পেনশন সুবিধা প্রাপ্য হবেন না। তবে, "কনট্রিবিউটরি প্রভিডেন্ট ফান্ড" সহ সময় সময় প্রচলিত অন্যান্য সুবিধাদি প্রাপ্য হবেন।

১১। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। প্রার্থীদেরকে অবশ্যই মৌখিক পরীক্ষার সময় সংশ্লিষ্ট নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি পত্রের মূলকপি জমা দিতে হবে।

১২। মৌখিক পরীক্ষার সময় আবশ্যিকভাবে মূল সনদসমূহ প্রদর্শন করতে হবে। নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন দৈনিক/ভ্রমণ ভাতা প্রদান করা হবে না। বিজ্ঞপ্তিতে বর্ণিত পদের চূড়ান্ত নিয়োগের ক্ষেত্রে সরকারের জারিকৃত/প্রকাশিত সর্বশেষ আইন, বিধি-বিধান ও নির্দেশনা অনুসরণ করা হবে।

১৩। উক্ত চাকরি সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তরের আওতাধীন বিভিন্ন ক্যান্টনমেন্ট বোর্ড পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠানসমূহে বদলিযোগ্য হবে।

১৪। চূড়ান্তভাবে নির্বাচিত ও পেমেন্ট ভেরিফাইড প্রার্থীদের Online এর মাধ্যমে প্রদানকৃত তথ্যের সঠিকতা যাচাইপূর্বক নিয়োগ প্রদানের সুপারিশ করা হবে। পরবর্তীতে যে কোন সময়ে সুপারিশকৃত প্রার্থীদের দাখিলকৃত কাগজপত্রে ঘাটতি/অসংগতি/ত্রুটি/জালিয়াতি ইত্যাদি পরিলক্ষিত হলে, উক্ত প্রার্থীর সুপারিশ বাতিল বলে গণ্য হবে এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৫। প্রকাশিত ফলাফলে কোনো উল্লেখযোগ্য (Substantive) ভুল-ত্রুটি পরিলক্ষিত হলে নিয়োগকারী কর্তৃপক্ষ তা সংশোধনের ক্ষমতা সংরক্ষণ করেন।

১৬। কর্তৃপক্ষ নিয়োগ সংক্রান্ত এ বিজ্ঞপ্তির সংশোধন/বাতিল/শূন্য পদের সংখ্যা হ্রাস বা বৃদ্ধি করার ক্ষমতা সংরক্ষণ করেন।

স্বাক্ষরিত/-
০৪/১২/২০২৪
মহাপরিচালক
সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তর
প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা সেনানিবাস।

জি-১৯৫২/২৪-(১০X৪)